গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মাঠ প্রশাসন ৫ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৪১.১২.০১৬.১৫-১৭৩

১১ কার্তিক ১৪২২
২৬ অক্টোবর ২০১৫

বিষয়: **বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের ফেব্রুয়ারি/২০১৬ মাসে অনুষ্ঠিতব্য সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণ।**

বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধিমালা, ১৯৮৬ অনুসারে বিভিন্ন ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের সিনিয়র স্কেলভুক্ত পদে পদোন্নতির জন্য পরবর্তী লিখিত পরীক্ষা ফেব্রুয়ারি/২০১৬ মাসে অনুষ্ঠিত হবে মর্মে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় কর্তৃক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে নির্ধারিত আবেদনপত্র পূরণ করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেরণ করতে হবে। প্রাপ্ত আবেদনপত্রসহ আনুষাঙ্গিক কাগজপত্র একীভূত করে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণ করা হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক বি.সি.এস. (প্রশাসন) ক্যাডারভুক্ত কর্মকর্তাগণকে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয় কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী আনুসাঙ্গিক কাগজপত্র পূরণকৃত আবেদনপত্র আগামী ২৪ নভেম্বর ২০১৫ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদনপত্রসমূহ প্রেরণকালে নিম্নোল্লিখিত বিষয়সমূহের প্রতি যত্নবান হবার জন্যও অনুরোধ করা হলো।

(ক) Online-এ দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপিতে ০১ (এক) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

(খ) চাকরি স্থায়ীকরণ সংক্রান্ত গেজেট (জারির তারিখ আবেদনপত্রে উল্লেখ করতে হবে) এবং এ সংক্রান্ত গেজেটের কপি সংযুক্ত করতে হবে।

(গ) আবেদনপত্রে প্রিন্টেডকপি যথাস্থানে আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তা স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পুরণকৃত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঘ) আবেদনকারী/নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক কোন আবেদনপত্র সরাসরি বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণ করা যাবে না।

২৬.১০.১৫

(এস. এম. শফিক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৪৫৬০
sasfa5@mopa.gov.bd

সংযুক্তি: (ক) বিজ্ঞপ্তি ০১ (এক) ফর্দ।

বিতরণ কাযার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব...মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৩. রেক্টর, বি.সি.এস.(প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকা/বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা।
৪. কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর।
৬. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩ ইস্কাটন, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ সরকারি কর্মচারি কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৮. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৯. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (বোর্ড), কুমিল্লা/পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
১০. পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা।
১১. জেলা প্রশাসক...(সকল)।

(তাঁদের অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/ পরিদপ্তর ও সংস্থায় কর্মরত বি.সি.এস. (প্রশাসন) ক্যাডারের পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য কর্মকর্তাগণের মধ্যে বিজ্ঞপ্তি বিতরণের অনুরোধসহ)।

১২. উপসচিব, (মাপ্র.-১/সচিবালয়/প্রশাসন-১/উনি-৩/বিদেশ প্রশিক্ষণ অধিশাখা/বৈদেশিক নিয়োগ), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৩. সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পি.এ.সি.সি., জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. সিনিয়র সহকারী সচিব, (মাপ্র.-২/ /পরিকল্পনা কোষ-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬. সচিবের একান্ত সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

-১৫৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)।

বিজ্ঞপ্তি

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০০৬.২০১৫- ১৬৩ | তারিখঃ ১২ অক্টোবর, ২০১৫

বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা, ফেব্রুয়ারি/২০১৬ গ্রহণ প্রসংগে ।

বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা, ২০১৬ সালের ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত হবে। পরীক্ষাসূচী যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণকে On line-এ আবেদনপত্র (soft copy) আগামী ১৩ অক্টোবর, ২০১৫ তারিখ রাত ১২.০০ টা থেকে শুরু করে ১৫ নভেম্বর, ২০১৫ তারিখ রাত ১২.০০ টার মধ্যে নির্ভুলভাবে দাখিল করতে হবে এবং On line আবেদনপত্র দাখিলের পর এর প্রিন্টেড কপি (hard copy) চাকরি স্থায়ীকরণের সত্যায়িত গেজেট কপি এবং সত্যায়িত পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি সহ ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগে অতি দ্রুত পৌঁছাতে হবে। ক্যাডার নিয়ন্ত্রনকারী মন্ত্রণালয়/বিভাগ কর্মকর্তাদের প্রদত্ত তথ্য যাচাই-বাছাই পূর্বক The Bangladesh Civil Service (Examination for Promotion) Rules, 1986 অনুযায়ী যোগ্য প্রার্থীদের পদোন্নতি পরীক্ষার আবেদনপত্রসমূহ (hard copy) আগামী ৩০ নভেম্বর,২০১৫ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছানোর ব্যবস্থা করতে হবে। এ তারিখের পরে কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, সরাসরি বাতিল বলে গন্য হবে। মন্ত্রণালয়/বিভাগ হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে, নিয়ন্ত্রণকারী কর্মকর্তা আবেদনপত্র মন্ত্রণালয়ের মাধ্যমে না পাঠিয়ে সরাসরি কর্ম কমিশনে পাঠানোর কারণে বহু কর্মকর্তার আবেদনপত্র ইতোপূর্বে বাতিল হয়েছে এবং এ কর্মকর্তাগণ পরীক্ষায় অংশ গ্রহনের সুযোগ হতে বঞ্চিত হয়েছেন।

২। আবেদনপত্রের On line form যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেডকপি (hard copy) যথাস্থানে আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তা স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (hard copy) বাতিল বলে গন্য হবে। যেহেতু এটি উচ্চতর পর্যায়ের পদোন্নতি পরীক্ষা, সেহেতু প্রেরিত আবেদনপত্র (hard copy) এবং আবেদনপত্রে লিখিত তথ্য সমূহ সঠিক এবং অবশ্যই ক্রটিমুক্ত হতে হবে। যে কোন ধরণের ক্রটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র (**hard copy**) সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদনপত্র বা প্রার্থীতা পরীক্ষার পূর্বে বা পরীক্ষায় উত্তীর্ণ হবার পরেও বাতিল হতে পারে; অর্থাৎ যে পর্যায়ে ক্রটি ধরা পড়বে সে পর্যায়েই বাতিল হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের পুনরায় মনোযোগ/দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত On line-এ আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে তা মন্ত্রণালয়ে পাঠানোর জন্য প্রার্থীদেরকে পরামর্শ দেওয়া যাচ্ছে।

৩। **Online-এ BPSC Form-7 পূরণের নিয়মাবলী নিম্নরূপঃ-**

প্রার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd এর মাধ্যমে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র (Form-7) পূরণ করে Online Registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ ওয়েবসাইটটি ওপেন করলে সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা ফেব্রুয়ারি/২০১৬ এর Notice, Instructions for Submitting Application, Application Form (BPSC Form-7: Application form for Examination under The Bangladesh Civil Service [Examinatin for Promotion] Rules,1986) এর রেডিও বাটন দৃশ্যমান হবে। Notice এর রেডিও বাটন ক্লিক করলে সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা ফেব্রুয়ারি/২০১৬ এর বিজ্ঞপ্তি পাওয়া যাবে। এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণের ৪ পৃষ্ঠার বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। ফরম পূরণের পূর্বে প্রার্থীগন এই Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। BPSC Form-7 এর ৪টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: Others ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং BPSC Form-7 এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য নির্দেশনা অনুসরণ করে Form পূরণ করতে হবে। এ জন্য প্রার্থীদের **National ID card** এর নম্বর, ছবি {ইমেজ ৩০০×৩০০ পিক্সেল (**Pixels**) ফাইল সাইজ ১০০ কেবি এর নীচে} এবং স্বাক্ষর { ইমেজ ৩০০×৮০ পিক্সেল (**Pixels**) ফাইল সাইজ ৬০ কেবি এর নীচে} প্রয়োজন হবে। প্রিন্টেড কপি (Hard copy) এর সাথে চাকরি স্থায়ীকরণের গেজেটের সত্যায়িত কপি জমা দিতে হবে। জাতীয়করণকৃত (Nationalized) এবং Encadrement প্রার্থীরা স্ব স্ব ক্যাডার পদে কোন তারিখে যোগদান করেছেন তা সুনির্দিষ্টভাবে উল্লেখ পূর্বক তার প্রমাণ সংযুক্তিসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রত্যয়নপত্রও সংযুক্ত করতে হবে।

৪। এ পরীক্ষায় অংশ গ্রহণের শর্তাবলী নিম্নরূপঃ-

(ক) কোন কর্মকর্তা সংশ্লিষ্ট ক্যাডার পদে চাকরির মেয়াদ (২০১৬ সালের ১লা ফেব্রুয়ারি তারিখে) ন্যূনপক্ষে ৪(চার) বছর পূর্ণ না হলে এবং চাকরিতে স্থায়ী না হলে পরীক্ষায় অংশ গ্রহণে যোগ্য হবেন না। স্থায়ীকরণের সত্যায়িত গেজেট কপি জমা দিতে হবে; এটি জমা না দিলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

(খ) একজন কর্মকর্তা একসাথে তিনটি অথবা কম সংখ্যক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

(গ) ক্যাডার পদে চাকরির মেয়াদ ১৪ বছর পূর্ণ হওয়ার পর এবং প্রার্থীর নিজ বয়স ৫০ বছর পূর্ণ হবার পর কোন কর্মকর্তা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

৫। লিথোকোড সংযুক্ত উত্তরপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীকে নিজ বিষয়ের নিম্নে বর্ণিত বিষয় কোডগুলো অবহিত থাকতে হবে; যা উত্তরপত্রে কোডের স্থানে পরীক্ষার সময় লিখতে হবেঃ-

(ক) প্রথমপত্রঃ বাংলাদেশ ও চলতি বিষয়াবলী (BANGLADESH AND CURRENT AFFAIRS), বিষয় কোড নং-০০১।

(খ)দ্বিতীয়পত্রঃ সকল সরকারি অফিসের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি ও পদ্ধতি (LAW, RULES AND REGULATIONS APPLICABLE TO ALL GOVERNMENT OFFICES), বিষয় কোড নং-০০২।

ক্রমশ/০২

(গ)তৃতীয়পত্র ঃ ক্যাডারভুক্ত কর্মকর্তাদের নিজস্ব কার্যাবলীর সংগে সম্পর্কিত বিষয়াবলী। এ বিষয়গুলোর কোড নং নিম্নরূপঃ বিসিএস-(সাধারণ শিক্ষা)ঃ হিসাব বিজ্ঞান(১০১), আরবি(১০৬), বাংলা(১০৮), ফিন্যান্স এন্ড ব্যাংকিং (১০৯), উদ্ভিদবিজ্ঞান (১১১), রসায়ন (১১৩),অর্থনীতি(১১৫), শিক্ষা(১১৬), ইংরেজি(১১৭), ভূগোল(১১৯), ইতিহাস(১২১), গার্হস্থ্য অর্থনীতি(১২২),ইসলামের ইতিহাসও সংস্কৃতি(১২৪), ইসলামী শিক্ষা(১২৫), ব্যবস্থাপনা (১২৯), মার্কেটিং(১৩০), গণিত(১৩১), পালি(১৩৩), যুক্তিবিদ্যা ও দর্শন (১৩৬), পদার্থ বিজ্ঞান(১৩৭), রাষ্ট্রবিজ্ঞান(১৩৮), মনোবিজ্ঞান(১৩৯), সংস্কৃত(১৪২), সমাজকল্যাণ(১৪৩), সমাজ বিজ্ঞান (১৪৪), মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান(১৪৫), সাংশিঃ পরিসংখ্যান(১৪৬), উর্দু(১৪৭), প্রাণিবিদ্যা(১৪৮), কৃষি বিজ্ঞান(১৬৫), গ্রন্থাগার বিজ্ঞান (১৬৭), বিসিএসঃ বন(৫৮০), প্রশাসন(৮০১), খাদ্য (৮০২), নিরীক্ষা ও হিসাব (৮০৩),শুল্ক ও আবগারী (৮০৪), কর(৮০৫), পররাষ্ট্র (৮০৬), ডাক(৮০৭), পুলিশ(৮০৮), আনসার(৮০৯), বিসিএস (বানিজ্য)-(৮১১), তথ্য সাধারণ(৮১২), পরিবার পরিকল্পনা(৮১৩), রেলওয়ে পরিবহন ও বাণিজ্য (৮১৪), কৃষি বিপনন(৮২০), কৃষি মৃত্তিকা সম্পদ(৮২৩), কৃষি সম্প্রসারণ (৮৩৭), মৎস্য(৮৩৮), প্রাণি সম্পদ(৮৭০), গণপূর্ত (সিভিল)-(৮৯১), গণপূর্ত ই/এম(৮৯২), সড়ক ও জনপথ (সিভিল)-(৮৯৫), সড়ক ও জনপথ (যান্ত্রিক)-(৮৯৬), টেলিযোগাযোগ(৮৯৯), টেলিযোগাযোগ (ব্যবহারিক)-(৯৯৯), রেলওয়ে প্রকৌশল (সিভিল)-(৯০০), রেলওয়ে প্রকৌশল (যান্ত্রিক)-(৯০১), রেলওয়ে প্রকৌশল(সরঞ্জাম)-(৯০২),রেলওয়ে সংকেত ও টেলিযোগাযোগ(৯০৪),জনস্বাস্থ্য প্রকৌশল(৯০৯), স্বাস্থ্য(৯১০), স্বাস্থ্য(ডেন্টাল)-(৯১১), সমবায়(৯২১), তথ্য (কারিগরী)-(৯২৪), বিসিএস(পরিসংখ্যান)-(৯২৭), বিসিএস(ইকনমিক)-(৯২৮), বিসিএস- (কারিগরি শিক্ষা)-আর্কিটেকচার টেকনোলজি (৯৫০), সিভিল টেকনোলজি(৯৫১), কেমিক্যাল টেকনোলজি (৯৫২), ইলেকট্রিক্যাল টেকনোলজি (৯৫৩), ইলেকট্রনিক্স টেকনোলজি(৯৫৪), মেকানিক্যাল টেকনোলজি(৯৫৫), পাওয়ার টেকনোলজি (৯৫৬), গ্রাফিক্স আর্টস(৯৫৭), নন-টেক(৯৫৮), নন-টেক(পদার্থ বিজ্ঞান)(৯৬০), নন-টেক(রসায়ন)(৯৬১), নন-টেক(গণিত)(৯৬২), নন-টেক(ব্যবস্থাপনা)(৯৬৩), নন-টেক(হিসাব বিজ্ঞান)(৯৬৪)।

৬। প্রত্যেক পত্রের প্রশ্নের পূর্ণমান ১০০ নম্বর এবং পাশ নম্বর ৫০। প্রত্যেক পত্রের পরীক্ষার জন্য নির্ধারিত সময় ৩(তিন) ঘন্টা। বিসিএস (টেলিকমিউনিকেশন) ক্যাডারের তৃতীয় পত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় পূর্ণমান যথাক্রমে ৬০ ও ৪০ নম্বর এবং পাশ নম্বর ৫০% অর্থাৎ যথাক্রমে ৩০ ও ২০ নম্বর। ঐ পত্রের লিখিত পরীক্ষার নির্ধারিত সময় ২(দুই) ঘন্টা এবং ব্যবহারিক পরীক্ষা ১(এক) ঘন্টা।

৭। প্রার্থীদেরকে অবশ্যই কমিশন কর্তৃক On line-এর নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। Online-এ আবেদনপত্রের প্রিন্টেড কপি (hard copy) ব্যতীত অন্য ধরনের আবেদনপত্র অথবা কর্ম কমিশনের পূর্বের আবেদনপত্র এক্ষেত্রে বিবেচনা করা হবে না।

৮। যোগ্য/অযোগ্য প্রার্থীদের তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীদের পরীক্ষার প্রবেশপত্র পরবর্তী সময়ে প্রার্থীদেরকে নিজ উদ্যোগে কমিশনের ওয়েবসাইট হতে download করে সংগ্রহ করতে হবে। On line- এ আবেদন পত্র ফরম পূরনে কোন সমস্যা হলে bpscsupport@promiti.com যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(সেলিমা বেগম) ২১/১০/১৫
পরিচালক
ফোন ঃ ৫৫০০৬৬৩০।

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০০৬.২০১৫- তারিখঃ অক্টোবর, ২০১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১। মুখ্য বার্তা নিয়ন্ত্রক,বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো।

২। বার্তা সম্পাদক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো।

(সেলিমা বেগম) ২১/১০/১৫
পরিচালক
ফোন ঃ ৫৫০০৬৬৩০।

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০০৬.২০১৫- তারিখঃ অক্টোবর, ২০১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তেজগাঁও, ঢাকা।
৩) সিনিয়র সচিব, ------------------------------- মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৪) সচিব, ------------------------------ মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৫) মহাপরিচালক,------------------------------- অধিদপ্তর/পরিদপ্তর, ঢাকা।
৬) যুগ্ম-সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৭) পরীক্ষা নিয়ন্ত্রক(ক্যাডার/নন-ক্যাডার), অত্র সচিবালয়, ঢাকা।
৮) প্রধান মনোবিজ্ঞানী/সিনিয়র সিস্টেম এনালিস্ট, অত্র সচিবালয়, ঢাকা।
৯) পরিচালক(সকল)/উপ-সচিব(প্রশা/অর্থ ও সেবা/বাজেট), অত্র সচিবালয়, ঢাকা।
১০) উপ-পরিচালক(সকল), অত্র সচিবালয়, ঢাকা।
১১) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), অত্র সচিবালয়, ঢাকা।
১২) উপপরিচালক/সহকারী পরিচালক,বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়,আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
১৩) সহকারী পরিচালক/সহকারী সচিব/জনসংযোগ কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা/লাইব্রেরীয়ান, অত্র সচিবালয়, ঢাকা।
১৪) জনাব কৌশিক দেবনাথ, সহকারী প্রোগ্রামার (কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd –এ প্রকাশের জন্য), অত্র সচিবালয়, ঢাকা।
১৫) ব্যক্তিগত কর্মকর্তা(বিজ্ঞ সদস্য - মহোদয়ের সদয় অবগতির জন্য), অত্র সচিবালয়, ঢাকা।
১৬) সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), অত্র সচিবালয়, ঢাকা।
১৭) নোটিশ বোর্ড/অভ্যর্থনা, অত্র সচিবালয়, ঢাকা।

(সেলিমা বেগম) ২১/১০/১৫
পরিচালক